

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd)


স্মারক নং: ৩৭.০৫.০০০০.০০০.০১১.১১.০০০১(অংশ-১).২৫-১৫৪

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
১২ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**৯ম এনটিআরসিএ (শিক্ষক) নিয়োগের লক্ষ্যে e-Requisition এর সময় বর্ধিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**  
**(শুধুমাত্র MPO পদের জন্য প্রযোজ্য)**

৯ম এনটিআরসিএ (শিক্ষক) নিয়োগের লক্ষ্যে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ (স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসা ব্যবস্থাপনা) থেকে এমপিওভুক্ত শূন্যপদের e-Requisition সংগ্রহের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

- ১। **শূন্যপদের সময়সীমা: ৩১ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত** শূন্যপদের চাহিদা।
- ২। **e-Requisition প্রদানের সময়:** ৩১ মার্চ ২০২৬ তারিখ থেকে ১২ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে অনলাইনে প্রদানের তারিখ নির্ধারিত ছিল। উক্ত সময়সীমা **আগামী ১৫.০৪.২০২৬ খ্রি. তারিখ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত বর্ধিত করা হলো।**
- ৩। ৭ম নিয়োগ সুপারিশ (বিশেষ) বিজ্ঞপ্তি-২০২৫ এর সময় যে সকল শিক্ষাপ্রতিষ্ঠান ই-রেজিস্ট্রেশন হালনাগাদ সম্পন্ন করেছিল, ঐ সকল শিক্ষাপ্রতিষ্ঠান অনলাইনে বর্ধিত সময়ের মধ্যে e-Requisition প্রদান করতে পারবেন। e-Requisition প্রদানের পর পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে ফি ২০০/- টাকা জমা প্রদান করতে হবে। অফলাইনে, হার্ডকপিতে অথবা ই-মেইলে কোন চাহিদা গ্রহণযোগ্য হবে না।
- ৪। এনটিআরসিএ এর আইন ২০০৫ এবং পরিপত্র অনুসারে এমপিওভুক্ত শূন্যপদের ক্ষেত্রে ই-রিকুইজিশন করা বাধ্যতামূলক। অন্যথায় প্রতিষ্ঠান প্রধান ও প্রতিষ্ঠানের এমপিও বাতিলকরণসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণা করা হবে।
- ৫। প্রতিষ্ঠানপ্রধানগণ তাদের নিজস্ব User ID এবং Password ব্যবহার করে <http://ngi.teletalk.com.bd> ওয়েবসাইটে অথবা NTRCA ওয়েবসাইটের ([www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd)) ই-রিকুইজিশন নামক সেবা বক্সের ই-রিকুইজিশন লগইন অপশনে ক্লিক করে e-Requisition প্ল্যাটফরমে প্রবেশ করত অনলাইন ফরমটি পূরণপূর্বক শুধুমাত্র এমপিওভুক্ত শূন্যপদের অনলাইনে চাহিদা প্রেরণ করবেন। উল্লেখ্য, e-Requisition ফরমটি পূরণের সময় এনটিআরসিএ'র ওয়েবসাইটে প্রদর্শিত **ই-রিকুইজিশন সংক্রান্ত নির্দেশিকাটি** যথাযথভাবে অনুসরণ করতে হবে।



(তাসনিম জেবিন বিনতে শেখ)  
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)  
এনটিআরসিএ, ঢাকা।  
ফোন: ০২-৪১০৩০১২১।

অনুলিপি:

- ১। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিঃ (প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য);
- ২। সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ, ঢাকা (এনটিআরসিএ-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৩। অফিস কপি।